

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১৫/১২/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২২/১২/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আতাউর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। উপজেলা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২২/১২/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব গফরগাঁও উপজেলায় স্বাস্থ্য সেবা কার্যক্রম সভায় উপস্থাপন করেন এং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গফরগাঁও জানান যে, বর্তমান করোনা মহামারীতে অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্য বিধি মেনে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আউটডোরে সকাল ৮.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত ডাক্তাররা অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্যসেবা প্রদান করছেন। রোগীদের মাস্ক পরিধান করে হাসপাতালে আসতে বলা হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোতেও স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ডাক্তার সহ সকল স্বাস্থ্যসেবাকর্মীদের পিপিই প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস সনাক্তের লক্ষ্যে নিয়মিত জেলাতে স্যাম্পল প্রেরণ করা হচ্ছে। করোনার লক্ষণ রয়েছে এমন রোগীদের অত্যন্ত গুরুত্বসহকারে স্বাস্থ্যসেবা দেয়া হচ্ছে এবং স্যাম্পল নেয়া হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে জনপ্রতিনিধি সহ সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য তিনি অনুরোধ জানান।	গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবা ও উপজেলা স্বাস্থ্য কমিউনিটি ক্লিনিকসমূহের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্য বিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।
	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গফরগাঁও সভায় জানান যে, বর্তমান করোনা মহামারীতে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবা কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। আউটডোরে সকাল ৮.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত ডাক্তাররা অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্যসেবা প্রদান করছেন। রোগীদের মাস্ক পরিধান করে হাসপাতালে আসতে বলা হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোতেও স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ডাক্তার সহ সকল স্বাস্থ্যসেবাকর্মীদের পিপিই প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস সনাক্তের লক্ষ্যে নিয়মিত জেলাতে স্যাম্পল প্রেরণ করা হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা সৃষ্টির জন্য তিনি জনপ্রতিনিধি সহ সকলকে অনুরোধ জানান।	করোনা ভাইরাসের প্রতিরোধকল্পে জনসাধারণের মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ সহ স্বাস্থ্য বিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোঃ আতাউর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।

স্মারক নং- উপ.স্ব.ক/গফরগাঁও/স্থায়ী কমিটি /গফরগাঁও/২০২১-

তারিখঃ ২২/১২/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। উপজেলা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।


উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ।